

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শৃঙ্খলা বিষয়ক শাখা
www.shed.gov.bd

নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.১১.২০২১. ৬৬৮

তারিখ: ৩৫ ফেব্রুয়ারি ১৪৩০ বঙ্গাব্দ
৩০ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি.

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব শামীম আহসান খান (৭৩৭৭), অধ্যাপক (মৃত্তিকাবিজ্ঞান), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা ও প্রাক্তন সিনিয়র প্রোগ্রাম অফিসার (স্ট্র্যাটজিক প্ল্যান), কলেজ এডুকেশন ডেভেলপমেন্ট প্রজেক্ট (সিইডিপি), ঢাকা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন “কলেজ এডুকেশন ডেভেলপমেন্ট প্রজেক্ট (সিইডিপি)” শীর্ষক প্রকল্পের আওতায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের, গাজীপুর ক্যাম্পাসে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরিচালনায় অনার্স/মাস্টার্স কলেজের শিক্ষকদের ৬ষ্ঠ হতে ১২ তম (০৭) ব্যাচের প্রশিক্ষণ ব্যয় হতে ০৭ (সাত)টি চেকের মাধ্যমে ২০১৯-২০২০ অর্থ বছরে ৬,৮৬,০০,০০০/- (ছয় কোটি ছিয়াশি লক্ষ) টাকা অগ্রিম উত্তোলনের ক্ষেত্রে অর্থ বিভাগের পূর্ব সম্মতি নেয়ার বাধ্যবাধকতা থাকা সত্ত্বেও অর্থ বিভাগের পূর্ব সম্মতি না নিয়ে উক্ত টাকা অগ্রিম উত্তোলন করার অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত নোটিশের জবাব প্রদান করেন, ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা ব্যক্ত করায় গত ০৩/১০/২০২১ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং শুনানি সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;


যেহেতু, বিস্তারিত তদন্ত শেষে গত ১৯/১১/২০২৩ তারিখ তদন্তকারী কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং দাখিলকৃত প্রতিবেদনে আপনার বিরুদ্ধে আনীত “অসদাচরণ” এর অভিযোগ তদন্তে প্রমাণিত হয়নি;

যেহেতু, অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত উভয় পক্ষের বক্তব্য, তদন্ত প্রতিবেদন এবং নথির অন্যান্য কাগজপত্র ও প্রমাণক সার্বিক পর্যালোচনায় তাকে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব শামীম আহসান খান (৭৩৭৭), অধ্যাপক (মৃত্তিকাবিজ্ঞান), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগ প্রমাণিত না হওয়ায় তাকে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


(সোলেমান খান)


সচিব

নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.১১.২০২১. ৬৬৮/২৬

তারিখ: ৩৫ ফেব্রুয়ারি ১৪৩০ বঙ্গাব্দ
৩০ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব শামীম আহসান খান এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ২। উপসচিব (সরকারি কলেজ-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা
- ৬। জনাব শামীম আহসান খান (৭৩৭৭), অধ্যাপক (মৃত্তিকাবিজ্ঞান), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।


(মো: শাহীনুর ইসলাম)
উপসচিব